**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং-২৩৮-আইন/২০১২/৬৫৫-মূসক।**- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮০-আইন/২০১২/৬৩৮-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-২ (আমদানি ও উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৮৫.২৩ এবং উহার বিপরীতে কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS code) ৮৫২৩.২৯.১২ ও ৮৫২৩.৪৯.২০ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত "Storage device incorporating software" শব্দসমূহের পরিবর্তে "Software" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (**Heading No.**) ৭৩.২৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা (**Heading No.**) ৭৬.১৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "৭৬.১৫ | সংশ্লিষ্ট এইচএস কোড | এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালীর তৈজসপত্র, স্যানিটারী ওয়্যার এবং যন্ত্রাংশ [প্রেসার কুকার, ফ্রাইপেন (ননস্টিক) ও উহাদের যন্ত্রাংশ ব্যতিত]"। |

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**[ নাসির উদ্দিন আহমেদ ]**
সচিব



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং-২৩৯-আইন/২০১২/৬৫৬-মূসক।**- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮২-আইন/২০১২/৬৪০-মূসক এর মাধ্যমে জারীকৃত নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ১ এর উপ-বিধি (১) উল্লিখিত "এই" শব্দটির পর "বিধিমালা" শব্দটি সন্নিবেশিত হইবে;

(খ) বিধি ২ এর উপ-বিধি (১) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) S০৭৮.০০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) S০৯৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

| | | | | |
|---|---|---|---|---|
| "S০৯৯ | S০৯৯.১০ | তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ | ৪.৫%"। |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

[ মোঃ শওকাত হোসেন ]
প্রথম সচিব (মূসক নীতি)